

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/১১৬৫


তারিখ ০৫/০৪/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৮ জানুয়ারী ২০১৭ তারিখে উদ্বোধনকৃত দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা (Financial Literacy) কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) দেশের সকল বিভাগীয় শহরে পর্যায়ক্রমে বিনিয়োগ শিক্ষা কনফারেন্স আয়োজনের পরিকল্পনা করেছে। এর অংশ হিসাবে সর্বপ্রথম কনফারেন্সটি আগামী ৭ এপ্রিল ২০১৭ তারিখে খুলনা বিভাগের সিএসএস আভা সেন্টার, ৮২, রূপসা স্ট্র্যাণ্ড রোড, খুলনা-৯১০০ এ অনুষ্ঠিত হবে। কমিশনের সম্মানিত চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন উক্ত কনফারেন্স এর শুভ উদ্বোধন করবেন।

দিনব্যাপী অনুষ্ঠিতব্য এই কনফারেন্স দুইটি সেশনে বিভক্ত থাকবে। প্রথম সেশনটি বিনিয়োগকারীদের জন্য (সকাল ৯:৩০ - বেলা ১২:০০ পর্যন্ত) এবং দ্বিতীয় সেশনটি স্থানীয় উদ্যোক্তাদের (দুপুর ৩:০০- বিকাল ৫:০০ পর্যন্ত) জন্য। মূলত: খুলনার স্থানীয় বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করার লক্ষ্যে এই কনফারেন্সের আয়োজন করা হয়েছে।

কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত বিনিয়োগ শিক্ষা মেলায় ২১টি পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সক্রিয় অংশগ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে।


০৫/০৪/২০১৭
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র